



বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সম্মানিত সভাপতি'র মাসিক (ফেব্রুয়ারী) বিবৃতি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের পক্ষ হতে সবাইকে জানাই আন্তরিক শুভেচ্ছা।

বাংলাদেশ প্রিমিয়ার লীগে যে প্রতিদ্বন্দ্বিতা দেখছি তাতে আমি অত্যন্ত মুগ্ধ। ইতিমধ্যেই বাংলাদেশ প্রিমিয়ার লীগের প্রথম ফেজের খেলা শেষপর্যায়ে। এবার বেশ কয়েকটি দল অসম্ভব ভালো পারফরম্যান্স করছে। এরকম শীর্ষ প্রতিযোগিতায় ক্লাবগুলো যেন আরও বিকশিত হয় সেজন্য আমাদের অবশ্যই আরও চেষ্টা চালিয়ে যেতে হবে। আমি মনে করি বাংলাদেশের ফুটবলের স্টেকহোল্ডার যারা আছে তারা ফুটবলের প্রতি আগ্রহ, সমর্থন ও সম্পর্ক জোরদার করতে এগিয়ে আসবে। টি-স্পোর্টস'কে আমি আন্তরিক ধন্যবাদ জানাতে চাই কারণ তাদের জন্য টিভি পর্দায় সকলে ঘরে বসে এসব খেলা উপভোগ করতে পারছে। তারা ফুটবলকে ভালোবেসে এর প্রচার ও প্রসারে কাজ করছে।

বাংলাদেশ ফুটবল ফেডারেশন এএফসি গ্রাসরুটস চার্টারে ব্রোঞ্জ পদক পেয়েছে, এতে আমি অত্যন্ত খুশি। এএফসি কিংবা ফিফার মতো কোনো স্বীকৃত প্রতিষ্ঠানের থেকে কোনো কিছু অর্জন মানেই একটা অসাধারণ ব্যাপার, অধিকন্তু তৃণমূল ফুটবলে কর্মকাণ্ডের স্বীকৃতি অর্জন আরও আনন্দের বিষয়। তৃণমূল ফুটবলের সঙ্গে সম্পৃক্ত সকলকে আমি অভিনন্দন জানাই এবং একই সঙ্গে জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের সহকর্মীবৃন্দের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করছি।

বাফুফে এএফসি 'এ' ডিপ্লোমা কোর্স :

আমরা কোচ এডুকেশন কোর্স এর হাই লেভেল-এর প্রথম ধাপ সম্পন্ন করেছি। এ কোর্সটি মূলত তরুণ উদীয়মান কোচদের জন্য আয়োজন করা হয়েছে। কারণ তারা তাদের খেলোয়াড়ী জীবন শেষ করে কোচিং পেশায় যুক্ত হবে। এ কোর্সটি কোর্স এর আয়োজনের মাধ্যমে বাংলাদেশ ফুটবল ফেডারেশন এএফসি এবং ফিফার প্রশংসা কুড়িয়েছে। বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সাবেক খেলোয়াড়, বাংলাদেশ প্রিমিয়ার লীগ ও বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগের কোচিং স্টাফদের অনেকেই এই কোর্সে অংশগ্রহণ করেছে। আমরা সর্বস্তরের ফুটবল কোচদের প্রতি আমাদের সার্বিক সহযোগিতা অব্যাহত রাখব।

বাফুফের দেশব্যাপী ট্যালেন্ট হান্ট :

জেলা ও বিভাগীয় পর্যায়ে আমাদের সহকর্মীরা ব্যস্ত সময় পার করেছে প্রতিভাবান পুরুষ খেলোয়াড় অন্বেষণে। জেলা ও বিভাগীয় পর্যায়ে যাচাই বাছাইয়ের পর ঢাকায় তিনদিনব্যাপী চূড়ান্ত বাছাই পর্ব অনুষ্ঠিত হয়েছে। যার উদ্বোধনী অনুষ্ঠানে আমি ব্যক্তিগতভাবে উপস্থিত থেকে জাতীয় পর্যায়ের প্রতিভাবান খেলোয়াড়দের ফুটবলীয় নৈপুণ্য উপভোগ করেছি। আশা করছি পরবর্তী ধাপে আমরা অনূর্ধ্ব-১৭ দলের জন্য কাজিফত প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করতে সক্ষম হবো। এ কাজে সমর্থন ও সহায়তার জন্য আমি বাফুফের ডেভেলপমেন্ট কমিটির সদস্যবৃন্দের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।



বাফুফে এএফসি গ্রাসরুট কোর্স :

বাফুফে কর্তৃক নীলফামারীতে গ্রাসরুট/তৃণমূল কোচদের জন্য হচ্ছে এডুকেশনাল কোর্স আয়োজন করা হয়েছে। এ কোর্সে ৩৫ জন কোচ অংশগ্রহণ করেছে এবং এ সংখ্যাটা সামনে আরও বাড়বে। সুতরাং আমি মনে করি কোচ এডুকেশন প্রোগ্রাম বেশ সফলতা পেয়েছে। যদি আমরা তৃণমূল পর্যায় থেকে কোচদের উন্নতি সাধন করতে পারি তাহলে নিশ্চিতভাবে আমরা অনেক তরণ ও চৌকস খেলোয়াড় তৈরি করতে পারবো। আমি এই কার্যক্রম সফলভাবে আয়োজনের জন্য নীলফামারী জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি ও তার সহকর্মীবৃন্দের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করছি।

বাফুফে নিউ রেফারি কোর্স :

ফুটবলে রেফারিদের আকৃষ্ট করতে আমরা অত্যন্ত সচেষ্ট ও সজাগ। মতিঝিলস্থ বাফুফে ভবনে নিউ রেফারি কোর্সের আয়োজন করা হয়েছে। এতে অংশগ্রহণকারীদের আগ্রহ ও অফুরন্ত ইচ্ছাশক্তি দেখে আমি অত্যন্ত খুশি। বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর এ সফল উদ্যোগকে আমি গুরুত্ব সহকারে দেখছি এবং পরবর্তী প্রজন্মের রেফারিদের জন্য এটি চলমান থাকবে। কম্পিটিশন ক্যালেন্ডার ও প্রোগ্রাম যেভাবে সম্প্রসারিত ও বিস্তৃত হচ্ছে তাতে আমাদের অবশ্যই আরও রেফারির প্রয়োজন হবে।

তৃতীয় বিভাগ ফুটবল লীগ :

ফেব্রুয়ারী মাসেই শুরু হয়েছে তৃতীয় বিভাগ ফুটবল লীগ। এ লীগ নিয়ে আমাদের দারুণ আশাবাদ ছিল এবং শুরু থেকে অনেকগুলো উপভোগ্য ম্যাচ হয়েছে। কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে তৃতীয় বিভাগ ফুটবল লীগ আয়োজিত হচ্ছে। বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে ইতিমধ্যেই ফ্লাডলাইটের ব্যবস্থা করা হয়েছে। এজন্য আমি জাতীয় ক্রীড়া পরিষদসহ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। এছাড়া আমি এ প্রতিযোগিতার সঙ্গে জড়িত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।